
# ‘বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি নিদর্শন ও সংরক্ষিত পুরাকীর্তি’কে অন্তর্ভুক্ত করে রবীন্দ্র হেরিটেজ ট্রেইল : সমস্যা, সম্ভাবনা ও পর্যটন ভাবনা’ শীর্ষক সেমিনারের প্রতিবেদন

## জুন ২০২৩




আঞ্চলিক পরিচালকের কার্যালয়

খুলনা ও বরিশাল বিভাগ

প্রত্নতত্ত্ব অধিদপ্তর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা
e-mail: rd_khulna@archaeology.gov.bd
www.archaeology.khulnadiv.gov.bd

**আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা:**

আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর কর্ম-পরিকল্পনা অনুযায়ী ৩.১.২ এর সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন করা হয়। গত ১৭ জুন ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ শনিবার আঞ্চলিক কার্যালয়, খুলনার অডিটরিাম কক্ষে "বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি নিদর্শন ও সংরক্ষিত পুরাকীর্তি'কে (খুলনা বিভাগ) অন্তর্ভুক্ত করে রবীন্দ্র হেরিটেজ ট্রেইল: সমস্যা, সম্ভাবনা ও পর্যটন ভাবনা" শীর্ষক দিনব্যাপী এক সেমিনার আয়োজন করা হয়েছে।

**সেমিনার আয়োজন:**
**প্রধান অতিথি:**

- আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগের আয়োজনে গত ১৭ জুন ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত দিনব্যাপী সেমিনার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব চন্দন কুমার দে মহোদয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক খুলনার পক্ষে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব এস এম মুনিম লিংকন এবং প্রত্নতত্ত্ব অধিদপ্তরের জনাব মাইনুর রহিম (উপসচিব) উপপরিচালক (প্রশাসন) জনাব মাইনুর রহিম মহোদয়। সেমিনারে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক ঢাকা, রাজশাহী ও খুলনার মনোনীত প্রতিনিধিগণ ছাড়াও খুলনা বিশ্ববিদ্যালয়, বি.এল.কলেজ, সরকারী সুন্দরবন কলেজ, রবীন্দ্র গবেষক, বিভিন্ন প্রিন্ট মিডিয়ার সাংবাদিক, জনপ্রতিনিধি, প্রশাসনিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধি, শিক্ষক ও শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন।
- সেমিনারের প্রধান অতিথির বক্তব্যে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক জনাব চন্দন কুমার দে হেরিটেজ ট্রেইল এর মতো এমন একটি যুগোপযোগী বিষয়ে সেমিনার আয়োজনের জন্য তিনি খুলনা আঞ্চলিক কার্যালয়কে বিশেষ ভাবে ধন্যবাদ জানিয়ে বলেন,বিশ্বকবির স্মৃতিকে নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে খুলনা বিভাগের কয়েকটি স্মৃতি নিদর্শনকে ইতিমধ্যে সংরক্ষিত পুরাকীর্তির তালিকাভুক্ত করা হয়েছে। এরমধ্যে রবীন্দ্র কুঠিবাড়ি শিলাইদহ, রবীন্দ্র কাছারী বাড়ি কুষ্টিয়া, রবীন্দ্রনাথ ঠাকুরের শ্বশুর বাড়ি, পিঠাভোগ সহ ১০টি রবীন্দ্র স্মৃতি বিজড়িত স্থাপনাকে সংরক্ষিত পুরাকীর্তি ঘোষণা করা হয়েছে। ভবিষ্যতে বাংলাদেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে ছিটিয়ে থাকা রবীন্দ্র স্মৃতি বিজড়িত স্থাপনা ও নিদর্শনকে প্রত্নতাত্ত্বিক জরিপ ও অনুসন্ধানের তালিকাভুক্ত করে সংরক্ষিত পুরাকীর্তি ঘোষণার উদ্যোগ নেয়া হবে। আজকের সেমিনারের প্রবন্ধ উপস্থাপকের প্রস্তাবিত হেরিটেজ ট্রেইলের আলোকে খুলনা,যশোর ও কুষ্টিয়া, বরিশাল জেলার অসংরক্ষিত রবীন্দ্র স্মৃতি বিজড়িত স্থাপনা ও নিদর্শন সমূহকে পুরাকীর্তি ঘোষণার যথাযথ উদ্যোগ নেওয়া হবে।



প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব চন্দন কুমার দে মহোদয়'কে ফুলেল শুভেচ্ছা জানান সহকারী পরিচালক জনাব মো: গোলাম ফেরদৌস



সেমিনারে প্রধান অতিথির এর বক্তব্য প্রদান করছেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব চন্দন কুমার দে মহোদয়

(লাভলী ইয়াসমিন)
আঞ্চলিক পরিচালক
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা।

**বিশেষ অতিথি ও স্বাগত বক্তা:**

- সেমিনার বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক খুলনার পক্ষে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব এস এম মুনিম লিংকন। বিশেষ অতিথির বক্তব্যে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব এস এম মুনিম বলেন, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর আমাদের চেতনা ও মননের প্রধান প্রতিনিধি। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে রবীন্দ্রনাথের গান হয়ে উঠেছিল প্রেরণার বিশেষ উৎস। শাশ্বত বাংলার মানুষের দুঃখ-কষ্ট, আনন্দ-বেদনা সব অনুভবকে রবীন্দ্রনাথ ঠাকুরের মতো বিশ্বস্ততার সঙ্গে তুলে আনতে পারেনি । বঙ্গবন্ধু রবীন্দ্র সাহিত্য থেকে সংকট উত্তরণে প্রেরণা নিতেন। খুলনা বিভাগে রবীন্দ্র স্মৃতি বিজড়িত স্থাপনাকে অন্তর্ভুক্ত করে রবীন্দ্র হেরিটেজ ট্রেইল শীর্ষক এমন একটি চমৎকার সেমিনারের আয়োজন করায় তিনি খুলনা আঞ্চলিক কার্যালয়ের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। এমন একটি সময় উপযোগী বিষয়ে চমৎকার আয়োজনের জন্য তিনি প্রত্নতত্ত্ব অধিদপ্তরের খুলনা আঞ্চলিক কার্যালয়কে বিশেষ ভাবে ধন্যবাদ জানান।



সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করছেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব এস এম মুনিম লিংকন

**বিশেষ অতিথি:**

- "বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি নিদর্শন ও সংরক্ষিত পুরাকীর্তি'কে (খুলনা বিভাগ) অন্তর্ভুক্ত করে রবীন্দ্র হেরিটেজ ট্রেইল: সমস্যা, সম্ভাবনা ও পর্যটন ভাবনা" শীর্ষক দিনব্যাপী সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন) জনাব মো: মাইনুর রহিম (উপসচিব) মহোদয়।



বিশেষ অতিথি'কে ফুল দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন রবীন্দ্র কুঠিবাড়ীর কাস্টোডিয়ান জনাব আল-আমীন

**মূল প্রবন্ধ উপস্থাপক:**

- 'বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি নিদর্শন ও সংরক্ষিত পুরাকীর্তি'কে (খুলনা বিভাগ) অন্তর্ভুক্ত করে রবীন্দ্র হেরিটেজ ট্রেইল: সমস্যা, সম্ভাবনা ও পর্যটন ভাবনা' শীর্ষক দিনব্যাপী সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের খুলনা আঞ্চলিক পরিচালক জনাব লাভলী ইয়াসমিন।

১১/৬/2025

(লাভলী ইয়াসমিন)
আঞ্চলিক পরিচালক
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা।



সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করছেন আঞ্চলিক পরিচালক জনাব লাভলী ইয়াসমিন

**আলোচক:**

- প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর সাধন রঞ্জন ঘোষ, প্রাক্তন অধ্যক্ষ, সরকারি বি,এল কলেজ, খুলনা। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর মোকাম্মেল হোসেন ভূঁইয়া, অধ্যাপক, প্রত্নতত্ত্ব বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা এবং ড. মো: মিজানুর রহমান, প্রাধ্যক্ষ সরকারি সুন্দরবন আদর্শ কলেজ, খুলনা। আলোচক বৃন্দ হেরিটেজ ট্রেইলের রূপরেখা, সমস্যা ও সম্ভাবনার নানা বিষয় তুলে ধরেন। প্রধান আলোচক শিলাইদহস্থ খোরশেদ পীরের মাজার, নরেন্দ্রপুর গ্রামের বারপাড়া নামক স্থানটি রবীন্দ্রনাথ পূর্বপুরুষের স্মৃতি বহন করছে। প্রত্নতত্ত্ব অধিদপ্তরকে অনুসন্ধানের মাধ্যমে তা সনাক্ত করার পরামর্শ প্রদান করেন।



প্রধান আলোচক প্রফেসর সাধন রঞ্জন ঘোষ, প্রাক্তন অধ্যক্ষ, সরকারি বি,এল কলেজ, খুলনা।

**আগত অতিথীবৃন্দ:**

সেমিনারে আরও উপস্থিত ছিলেন জনাব মো: কামাল উদ্দিন, উপজেলা চেয়ারম্যান, রূপসা, খুলনা এবং জনাব কহিনুর জাহান, উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা। খুলনা আঞ্চলিক কার্যালয় ছাড়াও ঢাকা,রাজশাহী, কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের মনোনীত প্রতিনিধিগণ সেমিনারে সরাসরি অংশগ্রহণ করেন। সেমিনারে অংশগ্রহণ করেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের চট্টগ্রামস্থ জাতিতাত্ত্বিক জাদুঘরের উপপরিচালক কাম- কিপার ড. মো: আতাউর রহমান, প্রত্নতাত্ত্বিক রসায়নবিদ জনাব মো: লিয়াকত আলী,ঢাকাস্থ প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক (প্রকাশনা) জনাব মো: মহিদুল ইসলাম, রাজশাহী ও রংপুর আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিচালক ড. আহমেদ আব্দুল্লাহ ।

প্রস্তাবিত রবীন্দ্র হেরিটেজ ট্রেইলের অন্তর্ভুক্ত জেলা কুষ্টিয়া ও খুলনার রবীন্দ্র গবেষক, শিক্ষক,রবীন্দ্রানুরাগী ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে সেমিনারে অংশগ্রহণ করে উক্ত সেমিনারকে প্রাণবন্ত ও সাফল্য মন্ডিত করে তোলেন। বক্তারা যশোরের সিঙ্গিয়া পরগনাস্থ রবীন্দ্র পূর্বপুরুষের স্মৃতি, রবীন্দ্র স্মৃতি বিজড়িত প্রস্তাবিত ট্রেইল এর মধ্যে অর্ন্তভূক্তির দাবী জানান।

২৯/৬/২০২৩

(লাভলী ইয়াসমিন)
আঞ্চলিক পরিচালক
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা।




আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগের আয়োজনে অনুষ্ঠিত সেমিনারে আগত অতিথিবৃন্দের সাথে অংশগ্রহণকারীদের একাংশ



আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগের আয়োজনে অনুষ্ঠিত সেমিনারে অংশগ্রহণকারীদের একাংশ

উপস্থিত রবীন্দ্র গবেষক, সাংবাদিক, রবীন্দ্র অনুরাগী ব্যক্তিবর্গ শিক্ষক ও শিক্ষার্থীগণ খুলনা, যশোর, কুষ্টিয়া ও বরিশাল জেলার অনেক স্থানে লোক চক্ষুর আড়ালে থাকা রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত স্থাপনা ও নিদর্শন চিহ্নিত ও তালিকাভুক্ত করণের পাশাপাশি প্রয়োজনীয় সংস্কার- সংরক্ষণ, যাতায়াত ব্যবস্থার উন্নয়ন, সমন্বিত উদ্যোগ ও উন্নয়ন পরিকল্পনা গ্রহণ, রবীন্দ্র স্মৃতি জাদুঘর/ প্রদর্শনী কেন্দ্রের মানোন্নয়ন, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্ব পুরুষের বাস্তভিটায় উন্নয়ন প্রকল্প গ্রহণ, রবীন্দ্র স্মৃতি বিজড়িত অসংরক্ষিত স্থাপনা ও প্রত্নস্থল সংরক্ষণ ঘোষণা, রবীন্দ্র স্মৃতি বিজড়িত সাইট গুলোকে যথাযথ ভাবে সংরক্ষণ, প্রদর্শন পর্যটন বান্ধব পরিবেশ সৃষ্টির দাবি জানান।

(লাভলী ইয়াসমিন)
আঞ্চলিক পরিচালক
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা।